

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩১৯৭

১০. কিতাবুল জানাইয এবং জানাযার পুর্বাপর সংশ্লিষ্ট বিষয় (كِتَابُ الْجَنَائِزِ وَمَا يَتَعَلَّقُ بِهَا مُقَدَّمًا أَوْ مؤخراً) পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কর্তৃক কা'বা ঘরে সালাত আদায় করার বিষয়টিকে আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমা কর্তৃক নাকচ করা প্রসঙ্গে বর্ণনা

ذِكْرُ نَفْيِ ابْنِ عَبَّاسٍ صَلَاةَ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي الْكَعْبَةِ

আরবী

3197 _ أَخْبَرَنَا الْحَسَنُ بْنُ سُفْيَانَ قَالَ: حَدَّثَنَا شَيْبَانُ بْنُ فَرُّوخٍ قَالَ: حَدَّثَنَا هَمَّامُ بْنُ يَحْيَى قَالَ, حَدَّثَنَا عَطَاءٍ عَنِ ابْنِ عَبَّاسٍ: أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ دَخَلَ الْكَعْبَةَ وَفِيهَا سِتُ سَوَارِي فَقَامَ عِنْدَ كُلِّ سَارِيَةٍ ودعا ولم يُصلِّ.

الراوي: ابْن عَبَّاسٍ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3197 | خلاصة حكم المحدث: صحيح: م (4/ 96 ـ 97).

বাংলা

৩১৯৭. আব্দুল্লাহ বিন আব্বাস রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কা'বা ঘরে প্রবেশ করেন। সেসময় কা'বায় ছয়টি খুঁটি ছিল। তিনি প্রত্যেকটি খুঁটির কাছে দাঁড়ান এবং দুআ করেন। কিন্তু তিনি সালাত আদায় করেননি।"[1]

ফুটনোট

[1] মুসান্নাফ আব্দুর রাযযাক: ৯০৫৬; নাসাঈ: ৫/২২০-২২১; সহীহ মুসলিম: ১৩৩০; সুনান বাইহাকী: ২/৩২৮; সহীহুল বুখারী: ৩৯৮; বাগাবী: ৪৪৮।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ৩১৯৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন